The Bangladesh Today, 25 January 2023
Bangladesh urged to act carefully while framing foreign policy
Staff Correspondents




Speakers, including researchers, foreign affairs experts, and a policymaker, said at a seminar in the capital on Tuesday that Bangladesh should promote partnership and cooperation with her next-door neighbours and extended neighbours as well for peaceful and sustainable solutions to regional issues.

They said that Bangladesh was drawing interest from many countries due to geopolitical factors, and therefore it should navigate cautiously in framing foreign policies with neighbours like India and Myanmar and develop relations based on mutual trust and respect.

Speaking on ‘Strengthening Bangladesh’s Foreign Relations with Neighbours in the Evolving Global Order’, they said that India and Bangladesh were important to each other as the two countries have inter-dependence in many areas, including trade, healthcare, and security while Myanmar was important as a corridor to ASEAN (Association of Southeast Asian Nations).
Md Shahriar Alam, state minister for foreign affairs and the seminar’s chief guest, said that Bangladesh had allowed transits to both India and Nepal to carry goods through the country and that no one was now opposing the transit issue.

The transit of Indian goods through Bangladesh was once used as a ‘cheap political tool,’ he said.

About the sharing waters from common rivers, the junior minister said that the Joint Rivers’ Commission meeting was held in New Delhi in the past year after a gap of 12 years. But the next JRC meeting was expected to be held in the first quarter of this year, he said, adding that it was some progress.

Speakers noted that the much-awaited ministerial meeting of the Indo-Bangladesh JRC concluded in New Delhi in August 2022 without any progress in signing a Teesta water-sharing deal and in the negotiations on six other trans-boundary rivers out of a total of 54.

Dhaka University international relations professor Lailufar Yasmin presented a paper on 'Navigating Bangladesh's Foreign Relations with the Neighbours in the Evolving Global Order' while Bangladesh Institute of International and Strategic Studies research director Mahfuz Kabir made a presentation on 'Exploring New Avenues of Cooperation with the Neighbours,' and BIISS senior research fellow M Ashique Rahman talked on 'Sustaining Bangladesh's Relations in the Extended Neighbourhood' at the event organised by BIISS.

Lailufar mentioned the Rohingya crisis as one of the biggest threats to peace and stability in the region, as Bangladesh was already hosting around 1.2 million forcibly displaced people from Myanmar.

Chairing the session, retired diplomat and president of the Bangladesh Enterprise Institute, M Humayun Kabir, noted that in the changing global order, countries around the world were struggling to formulate their foreign policies with neighbours and Bangladesh must navigate through this cautiously.

Shahriar said that Bangladesh would find alternative avenues while SAARC (South Asian Association for Regional Cooperation) and BIMSTEC (Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation) were failing to function, apparently because two or three countries were not acting the way others wanted.

In his welcome speech, BIISS director general major general Sheikh Pasha Habib Uddin emphasised Asia's re-emergence in today's global context.
More about:

The Financial Express, 25 January 2023

**Bangladesh working to consolidate relations with neighbours, says State Minister**

State Minister for Foreign Affairs Md Shahriar Alam on Tuesday said the government is persistently working to consolidate relations with neighbours for regional stability, shared prosperity, and mutual development.

Speaking as the chief guest at a seminar, he emphasised strengthening bilateral relations with neighbours through promoting partnership and cooperation, increasing trade and commerce, pursuing cooperation in the water and power sector, enhancing connectivity, collaborating on capacity building for people-to-people contact and underscored the importance of humanitarian assistance to demonstrate soft power.

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised the seminar on 'Strengthening Bangladesh's Foreign Relations with Neighbours in the Evolving Global Order'

The state minister said, Bangladesh's principal foreign policy - friendship to all, malice towards none- will remain intact whatever the global order is shifting toward, according to UNBs.

"Our principal position - friendship to all, malice towards none- will remain intact, no matter what happens," he said.

The state minister said that Bangladesh would also never compromise in the areas of its founding principles - nationalism, socialism, democracy and secularism.

"Keeping those intact, Bangladesh will continue its resources ... we have large Bangladeshi diaspora .. we do have, of course, some soft power," he said.

Alam said Bangladesh would continue to expand its relationship that has already established as a good neighbour in its neighbourhood.

"We (also) hope that our neighbours will try to reciprocate that with best of their ability," he said adding that these are more relevant when the world is undergoing a complex situation condition

M Humayun Kabir, president of Bangladesh Enterprise Institute (BEI), chaired the session and Major General Sheikh Pasha Habib Uddin, director general, BIISS, delivered the welcome address.

Dr Lailufar Yasmin, professor and chairperson, Department of International Relations, University of Dhaka, made a presentation on "Navigating Bangladesh's Foreign Relations with the Neighbours in the Evolving Global Order."

ATM Rokebul Haque, director general (South Asia), Ministry of Foreign Affairs, delivered his presentation on "Bangladesh's Foreign Policy Towards Her Neighbours: Friendship with Shared Prosperity."

Dr Mahfuz Kabir, research director, BIISS, made his presentation on "Exploring New Avenues of Cooperation with the Neighbours."

M Ashique Rahman, senior research fellow, BIISS, presented on "Sustaining Bangladesh's Relations in the Extended Neighbourhood."

Major General Sheikh Pasha Habib Uddin highlighted the re-emergence of Asia in the current global context.

He emphasised on strengthening bilateral and multilateral relations with both close-door neighbours and extended neighbours and promoting multilateralism to find peaceful and sustainable solutions to regional problems.

Humayun Kabir, president of Bangladesh Enterprise Institute (BEI) noted that in the changing global order, countries around the world are struggling to formulate their foreign policies with neighbours and Bangladesh must navigate through this cautiously.

Senior officials from different ministries, ambassadors, high commissioners, former diplomats, senior military officials, researchers, business people, teachers, students from various universities, representatives from different think tanks, international organisations, and media personalities participated in the programme.

The Daily Star, 25 January 2023

**Bangladesh must strengthen its diplomatic efforts**

Say foreign policy analysts on regional cooperation

Diplomatic Correspondent

As the world faces unprecedented geopolitical and economic challenges following the pandemic and the Russia-Ukraine war, Bangladesh needs to ramp up its diplomatic efforts for regional cooperation in South and Southeast Asia and beyond, say foreign policy analysts.

The observations came at a seminar, titled "Strengthening Bangladesh's Foreign Relations with Neighbours in the Evolving Global Order", organised by Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) yesterday.

Speakers said South Asia is one of the least integrated regions of the world. Its exports are mostly to the West and the supply chain was affected during the pandemic and the Russia-Ukraine war, which should prompt the regional countries to redefine the approaches for promoting regional trade and investment.

Bangladesh Enterprise Institute President M Humayun Kabir said generally, all countries prioritise prosperity and security in their foreign relations.

Humayun Kabir, also a former ambassador, said Bangladesh has made significant improvements in socio-economic spheres but now faces challenges as it is graduating from LDC in 2026.

He suggested coordination among various ministries to maintain strong foreign relations with the countries.

BIISS Research Director Mahfuz Kabir said Bangladesh's trade with Asian giants India and China has seen heavy deficits and policymakers need to find ways of increasing exports to these countries.

He also said nearly 90 percent of the country's exports are still readymade garments and it is high time the export basket is diversified.

BIISS Senior Research Fellow M Ashique Rahman said Bangladesh needs to avoid the inclination to join any alliance as the superpowers will be drawing the country towards them.

Dhaka University International Relations Department Chair Prof Lailufar Yasmin said Bangladesh needs to be driven by its national interest while making its foreign policy.

State Minister for Foreign Affairs Shahriar Alam said, "We are working hard to improve regional connectivity meant for development, peace and stability. We also expect the same from others."

BIISS Director General Sheikh Pasha Habib Uddin, foreign ministry's DG (South Asia) ATM Rokebul Haque also spoke at the seminar.

The Business Standard, 25 January 2023

**Bangladesh will stick to 'friendship to all' foreign policy: Shahriar Alam**



**Bangladesh will stick to the principle of friendship to all, malice towards none as its principle foreign policy amid the evolving global order, State Minister for Foreign Affairs Md Shahriar Alam said on Tuesday.**

"The tectonic plate of diplomacy and the global order is shifting. Despite that we will stick to our current principle in foreign policy," he said as the chief guest at a seminar organised by the Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) at its auditorium in Dhaka.

"Bangladesh will never compromise on the founding principles of nationalism, socialism, democracy and secularism. Bangladesh will continue to mobilise its resources based on these founding principles," he added.

Shahriar Alam said Bangladesh would keep expanding its relationship as a good neighbour with the neighbouring countries.

He emphasised strengthening bilateral relations with neighbours through promoting partnerships and cooperation, increasing trade and commerce, pursuing cooperation in the water and power sector, enhancing connectivity, and collaborating on capacity building for people-to-people contact.

He also underscored the importance of humanitarian assistance to demonstrate soft power among the neighbouring countries.

He mentioned that the Bangladesh government is persistently working to consolidate relations with neighbours for regional stability, shared prosperity, and mutual development.

As the chair of the session, M Humayun Kabir, president of Bangladesh Enterprise Institute noted that in the changing global order, countries around the world are struggling to formulate their foreign policies with neighbours and Bangladesh must navigate through this cautiously.

Major General Sheikh Pasha Habib Uddin, director general, BIISS, and Lailufar Yasmin, chairman, Department of International Relations, University of Dhaka, also spoke at the event among others.

Bangladesh Post, 25 January 2023

**Bangladesh to keep foreign policy intact, says Shahriar**

**By** BSS



State Minister for Foreign Affairs Md Shahriar Alam Tuesday said Bangladesh's principal foreign policy – friendship to all, malice towards none- will remain intact wherever the global order is shifting towards.

"Our principal position - friendship to all, malice towards none- will remain intact, no matter what," he said.

The state minister was speaking as the chief guest at a seminar titled "Strengthening Bangladesh's Foreign Relations with Neighbours in the Evolving Global Order" organized by Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) at its auditorium in the capital.

The state minister said that Bangladesh would also never compromise in the areas of its founding principles - nationalism, socialism, democracy and secularism.

"Keeping those intact, Bangladesh will continue its resources … we have large Bangladeshi diaspora .. we do have, of course, some soft power," he said.

Alam said Bangladesh would continue to expand its relationship that has already established as a good neighbour in its neighbourhood.

“We (also) hope that our neighbours will try to reciprocate that with best of their ability,” he said, adding that those are more relevant when the world is undergoing a complex situation condition

The state minister said the Bangladesh government is persistently working to consolidate its relations with neighbouring countries for regional stability, prosperity and development.

“We will continue to do so in coming days,” he added.

Bangladesh Enterprise Institute President ambassador M Humayun Kabir chaired the seminar while BIISS director general Major General Sheikh Pasha Habib Uddin delivered the welcome speech.

The Daily Observer, 25 January 2023

**BD working to consolidate ties with neighbours: Shahriar59**

Diplomatic Correspondent

State Minister for Foreign Affairs Md Shahriar Alam said on Tuesday that to ensure regional stability, shared prosperity, and mutual development, the government is persistently working to consolidate relations with neighbouring countries.

"Our principal position - friendship to all, malice towards none- will remain intact, no matter what happens," he said, adding that Bangladesh would also never compromise in the areas of its founding principles - nationalism, socialism, democracy and secularism," he said.

He was speaking as the chief guest at a seminar titled 'Strengthening Bangladesh's Foreign Relations with Neighbours in the Evolving Global Order', Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised the seminar.

The State Minister emphasised strengthening bilateral relations with neighbours through promoting partnership and cooperation, increasing trade and commerce, pursuing cooperation in the water and power sector, enhancing connectivity, collaborating on capacity building for people-to-people contact and underscored the importance of humanitarian assistance to demonstrate soft power.

"Keeping those intact, Bangladesh will continue its resources  we have a large Bangladeshi diaspora .. we do have, of course, some soft power," he said.

Alam said Bangladesh would continue to expand its relationship that has already been established as a good neighbour in its neighbourhood.

"We (also) hope that our neighbours will try to reciprocate that with best of their ability," he said adding that these are more relevant when the world is undergoing a complex situation condition M Humayun Kabir, President of Bangladesh Enterprise Institute (BEI), chaired the session and Major General Sheikh Pasha Habib Uddin, Director General, BIISS, delivered the welcome address. Dr Lailufar Yasmin, Professor and Chairperson, Department of International Relations, University of Dhaka, made a presentation on "Navigating Bangladesh's Foreign Relations with the Neighbours in the Evolving Global Order."

ATM Rokebul Haque, Director General (South Asia), Ministry of Foreign Affairs, delivered his presentation on "Bangladesh's Foreign Policy Towards Her Neighbours: Friendship with Shared Prosperity." Dr Mahfuz Kabir, Research Director, BIISS, made his presentation on "Exploring New Avenues of Cooperation with the Neighbours."

M Ashique Rahman, Senior Research Fellow, BIISS, presented on "Sustaining Bangladesh's

Relations in the Extended Neighbourhood."

**Bangladesh to keep principal foreign policy intact**
Source: Xinhua, 2023-01-24

DHAKA, Jan. 24 (Xinhua) -- Bangladeshi State Minister for Foreign Affairs Md Shahriar Alam Tuesday said Bangladesh's principal foreign policy, friendship to all, malice towards none, will remain intact whatever the global order is shifting towards.

"Our principal position, friendship to all, malice towards none, will remain intact, no matter what," the state minister was quoted as saying by Bangladesh's official news agency BSS.

The state minister was speaking as the chief guest at a seminar titled "Strengthening Bangladesh's Foreign Relations with Neighbors in the Evolving Global Order" organized by the Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) at its auditorium in the capital Dhaka.

The state minister said that Bangladesh would also never compromise regarding its founding principles, nationalism, socialism, democracy and secularism.

**https://english.news.cn/asiapacific/20230124/bc82f7d2e8214f4586225c0c76ab8a06/c.html**

Dhaka Tribune, 24 January 2023

## State minister: Govt working to consolidate relations with neighbours

Bangladesh's principal foreign policy - friendship to all, malice towards none - will remain intact no matter what happens, says Shahriar Alam

UNB

State Minister for Foreign Affairs Md Shahriar Alam on Tuesday said the Bangladesh government is persistently working to consolidate relations with neighbours for regional stability, shared prosperity, and mutual development.

Speaking as the chief guest at a seminar, he emphasized strengthening bilateral relations with neighbours through promoting partnership and cooperation, increasing trade and commerce, pursuing cooperation in the water and power sector, enhancing connectivity, collaborating on capacity building for people-to-people contact and underscored the importance of humanitarian assistance to demonstrate soft power.

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organized the seminar on 'Strengthening Bangladesh's Foreign Relations with Neighbours in the Evolving Global Order'.

The State Minister said Bangladesh's principal foreign policy - friendship to all, malice towards none- will remain intact whatever the global order is shifting towards.

"Our principal position - friendship to all, malice towards none- will remain intact, no matter what happens," he said.

The state minister said that Bangladesh would also never compromise in the areas of its founding principles - nationalism, socialism, democracy and secularism.

"Keeping those intact, Bangladesh will continue its resources ... we have large Bangladeshi diaspora ... we do have, of course, some soft power," he said.

Alam said Bangladesh would continue to expand its relationship that has already established as a good neighbour in its neighbourhood.

"We (also) hope that our neighbours will try to reciprocate that with best of their ability," he said adding that these are more relevant when the world is undergoing a complex situation condition.

M Humayun Kabir, President of Bangladesh Enterprise Institute (BEI), chaired the session and Major General Sheikh Pasha Habib Uddin, Director General, BIISS, delivered the welcome address.

Dr Lailufar Yasmin, Professor and Chairperson, Department of International Relations, University of Dhaka, made a presentation on "Navigating Bangladesh's Foreign Relations with the Neighbours in the Evolving Global Order."

ATM Rokebul Haque, Director General (South Asia), Ministry of Foreign Affairs, delivered his presentation on "Bangladesh's Foreign Policy Towards Her Neighbours: Friendship with Shared Prosperity."

Dr Mahfuz Kabir, Research Director, BIISS, made his presentation on "Exploring New Avenues of Cooperation with the Neighbours."

M Ashique Rahman, Senior Research Fellow, BIISS, presented on "Sustaining Bangladesh's Relations in the Extended Neighbourhood."

Major General Sheikh Pasha Habib Uddin highlighted the re-emergence of Asia in the current global context.

He emphasized on strengthening bilateral and multilateral relations with both close-door neighbours and extended neighbours and promoting multilateralism to find peaceful and sustainable solutions to regional problems.

Humayun Kabir, President of Bangladesh Enterprise Institute (BEI) noted that in the changing global order, countries around the world are struggling to formulate their foreign policies with neighbours and Bangladesh must navigate through this cautiously.

Senior officials from different ministries, ambassadors, high commissioners, former diplomats, senior military officials, researchers, business people, teachers, students from various universities, representatives from different think tanks, international organizations, and media personalities participated in the program.

Banglanews24.com, 24 January 2023-01-25

**Bangladesh's principle foreign policy to remain intact: Shahriar**

News Desk | banglanews24.com

He said: “Our principal position - friendship to all, malice towards none- will remain intact, no matter what.”

The state minister was speaking as the chief guest at a seminar titled “Strengthening Bangladesh’s Foreign Relations with Neighbours in the Evolving Global Order” organized by Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) at its auditorium in the capital.

The state minister said that Bangladesh would also never compromise in the areas of its founding principles - nationalism, socialism, democracy and secularism.

“Keeping those intact, Bangladesh will continue its resources … we have large Bangladeshi diaspora. We do have, of course, some soft power,” he said.

Alam said Bangladesh would continue to expand its relationship that has already established as a good neighbour in its neighbourhood.

“We (also) hope that our neighbours will try to reciprocate that with best of their ability,” he said, adding that those are more relevant when the world is undergoing a complex situation condition.

The state minister said the Bangladesh government is persistently working to consolidate its relations with neighbouring countries for regional stability, prosperity and development.

“We will continue to do so in coming days,” he added.

Bangladesh Enterprise Institute President ambassador M Humayun Kabir chaired the seminar while BIISS director general Major General Sheikh Pasha Habib Uddin delivered the welcome speech.

**https://www.banglanews24.com/english/national/news/bd/107755.details**

নয়াদিগন্ত , ২৫ জানুয়ারি ২০২৩

## প্রতিবেশীদের প্রয়োজনে পাশে দাঁড়ানো পররাষ্ট্র সম্পর্কের নতুন দিক : শাহরিয়ার আলম

প্রতিবেশীদের প্রয়োজনে পাশে দাঁড়ানো বাংলাদেশের পররাষ্ট্র সম্পর্কের ক্ষেত্রে সম্পূর্ণ নতুন একটি দিক বলে উল্লেখ করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, নিজেদের মধ্যে অনেক ইস্যু থাকলেও দক্ষিণ এশিয়া বিশ্বের অন্যতম শান্তিপূর্ণ একটি অঞ্চল। আর এ অঞ্চলে বাংলাদেশ নিজেকে একটি ভালো প্রতিবেশী হিসেবে প্রতিষ্ঠিত করতে পেরেছে। আফগানিস্তানে মানবিক সহায়তা পাঠানো, নেপালে ভয়াবহ ভূমিকম্পে সহায়তা নিয়ে পাশে দাঁড়ানো, মালদ্বীপে করোনা মহামারী মোকাবেলায় সহায়তা পাঠানো, এমনকি বৈদেশিক মুদ্রার সঙ্কটে শ্রীলঙ্কাকে সহায়তা দেয়া এরই ধারাবাহিকতা। ভবিষ্যতেও বাংলাদেশ সাধ্যমতো প্রতিবেশীদের পাশে দাঁড়াবে। তিনি বলেন, করোনা মহামারীর পর ইউক্রেন যুদ্ধ বাংলাদেশসহ বিশ্বের সব দেশেই নেতিবাচক প্রভাব ফেলেছে। নতুন বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন শক্তির সাথে ভারসাম্য বজায় রাখার চ্যালেঞ্জও এসেছে। তবে পররাষ্ট্র সম্পর্কের ক্ষেত্রে ‘সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে বৈরিতা নয়’- এই মৌলিক নীতির সাথে বাংলাদেশ সমঝোতা করবে না। আঞ্চলিক স্থিতিশীলতা, অগ্রগতি ও উন্নয়নের জন্য বাংলাদেশ সরকার প্রতিবেশী রাষ্ট্রগুলোর সাথে সম্পর্ককে সুদৃঢ় করতে নিরলসভাবে কাজ করে চলছে।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিস (বিআইআইএসএস) মিলনায়তনে গতকাল মঙ্গলবার আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন প্রতিষ্ঠানের মহাসচিব মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন। সভাপতিত্ব করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের (বিইআই) প্রেসিডেন্ট রাষ্ট্রদূত হুমায়ুন কবির। শাহরিয়ার আলম বলেন, ১৫ বছর আগ পর্যন্ত কানেক্টিভিটিকে শুধু ট্রানজিটে সীমাবদ্ধ করে রাজনৈতিক ইস্যু বানানো হয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঝুঁকি নিয়ে এই ধারা থেকে বের হয়ে এসেছেন। সার্ক (দক্ষিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা) ঠিকভাবে কাজ না করায় বিবিআইএন (বাংলাদেশ-ভুটান-ভারত- নেপাল) উপ-আঞ্চলিক সহযোগিতা কাঠামো গঠন করা হয়েছে। এর আওতায় মোটর ভেহিক্যাল অ্যাগ্রিমেন্ট (এমভিএ) সই করা হয়েছে। এমভিএ কার্যকর হলে ভুটান অতিরিক্ত যানবাহনের চাপ নিয়ে উদ্বিগ্ন। এর প্রেক্ষাপটে ভুটানকে বাইরে রেখেই বাংলাদেশ, ভারত ও নেপাল এগিয়ে চলার সিদ্ধান্ত নিয়েছে। উপ-আঞ্চলিক সহযোগিতার আওতায় নেপাল ও ভুটানে বিনিয়োগের মাধ্যমে ভারতের উপর দিয়ে বাংলাদেশে জলবিদ্যুৎ নিয়ে আসার প্রক্রিয়া চলছে। তিনি বলেন, ভারতের সাথে সমন্বিত অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তি নিয়ে কাজ হচ্ছে। নেপাল ও ভুটানের সাথে বাংলাদেশের বাণিজ্য বাড়ছে। ভুটানের সাথে অগ্রাধিকারমূলক বাণিজ্যসুবিধা চুক্তি সই হয়েছে।

প্রতিমন্ত্রী বলেন, ভারত ও চীনের সাথে বাংলাদেশের বাণিজ্যবৈষম্য নিয়ে অনেকেই প্রশ্ন তোলেন। কিন্তু খেয়াল করলে দেখা যাবে, চাল, ডাল, পেঁয়াজসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যগুলো আমরা ভারত থেকেই সবচেয়ে কম দামে এবং কম সময়ে আমদানি করতে পারি। অন্য দিকে শিল্পে ব্যবহৃত কাঁচামাল ও মেশিনারিজ, ইলেক্ট্রনিক পণ্য ইত্যাদি চীন থেকেই সবচেয়ে বেশি আমদানি হয়। সেই কারণে এই দুই দেশের সাথে বাংলাদেশের বাণিজ্যঘাটতি এতটা বেশি।

রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলেন, সার্ক একটি গুরুত্বপূর্ণ সংস্থা হলেও স্থবির। অন্য দিকে বিমসটেকও ততটা গতিশীল নয়। বহু বছর আগে বিমসটেক মুক্ত বাণিজ্য চুক্তি সই হলেও তা বাস্তবায়ন করা যায়নি। আমরা যদি আঞ্চলিক ক্ষেত্রে নিজেদের স্বার্থ সংরক্ষণ করতে না পারি তবে অন্যরা সুযোগ নেয়ার চেষ্টা করবে। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারপারসন অধ্যাপক লাইলুফার ইয়াসমিন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (দক্ষিণ এশিয়া) এ টি এম রকিবুল হক, বিআইআইএসএসের গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির এবং প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন গবেষণা ফেলো আশিক রহমান।

https://www.dailynayadiganta.com/more-news/722896/ND

আরটিভি নিউজ, ২৫ জানুয়ারি ২০২৩

## ‘পরিস্থিতি যে দিকেই যাক বাংলাদেশ কখনও আপস করবে না’



পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেছেন, আমাদের পররাষ্ট্রনীতি হচ্ছে, সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়। বিশ্ব পরিস্থিতি যে দিকেই যাক না কেন, আমরা আমাদের নীতিতে অটল থাকব। জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার ক্ষেত্রেও বাংলাদেশ কখনও আপস করবে না।

মঙ্গলবার (২৪ জানুয়ারি) রাজধানীর ইস্কাটনে ‘বৈশ্বিক প্রেক্ষাপটে প্রতিবেশীর সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক’ শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন।

শাহরিয়ার আলম বলেন, বিশ্ব যখন কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে, তখন প্রতিবেশীর গুরুত্ব খুব বেশি প্রাসঙ্গিক। পৃথিবীর প্রতিটি দেশই ভালো প্রতিবেশী প্রত্যাশা করে। ভালো প্রতিবেশীর উদাহরণ দিতে গেলে বাংলাদেশের নাম আসবে। বাংলাদেশ সরকার আঞ্চলিক স্থিতিশীলতা, সমৃদ্ধি ও পারস্পরিক উন্নয়নের জন্য প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক সুসংহত করতে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে।

প্রতিবেশী নীতির ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গেম চেঞ্জার আখ্যা পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ১৫ বছর আগে ট্রানজিট ইস্যু নিয়ে বাংলাদেশে সস্তা রাজনীতি হয়েছে। বঙ্গবন্ধুকন্যা তার রাজনৈতিক ক্যারিয়ার ঝুঁকির মধ্যে রেখে ট্রানজিট করেছিলেন। যেটার সুফল আমরা এখন পাচ্ছি। যারা বিষয়টি নিয়ে সস্তা রাজনীতি করেছে, তারা বেশি দূর এগোতে পারেনি।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এ সেমিনারের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। স্বাগত রাখেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন। এ ছাড়া

পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অনুবিভাগের মহাপরিচালক রকিবুল হক, অধ্যাপক ড. লাইলাফুর ইয়াসমিন, বিআইআইএসএসের গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির ও সিনিয়র রিসার্চ ফেলো এম আশিক রহমান বক্তব্য রাখেন।

https://www.rtvonline.com/bangladesh/208837/পরিস্থিতি-যে-দিকেই-যাক-বাংলাদেশ-কখনও-আপস-করবে-না

ঢাকাটাইমস, ২৪ জানুয়ারি ২০২৩

‘বাংলাদেশ আঞ্চলিক স্থিতিশীলতা ও পারস্পরিক উন্নয়নে প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক বজায় রেখে চলছে’




বাংলাদেশ সরকার আঞ্চলিক স্থিতিশীলতা, সমৃদ্ধি এবং পারস্পরিক উন্নয়নের জন্য প্রতিবেশীদের সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম।

মঙ্গলবার বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত এক সেমিনারে প্রতিমন্ত্রী এ কথা জানান। ‘বৈশ্বিক প্রেক্ষাপটে প্রতিবেশীদের সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক’ শীর্ষক এই সেমিনার অনুষ্ঠিত হয়।

শাহরিয়ার আলম বলেন, ‘বাংলাদেশের পররাষ্ট্রনীতি হচ্ছে, সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়। বৈশ্বিক পরিস্থিতি যে দিকেই যাক না কেন, আমাদের এই অবস্থান অক্ষত থাকবে। তাছাড়া জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার ক্ষেত্রেও বাংলাদেশ কখনো আপস করবে না।’

তিনি বলেন, ‘বাংলাদেশ আদর্শ প্রতিবেশী দেশ হিসেবে পৃথিবীর মধ্যে উদাহরণ। বাংলাদেশ ভালো প্রতিবেশী হিসেবে তার অন্য প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক সম্প্রসারণ অব্যাহত রাখবে। আশা করি, আমাদের প্রতিবেশীরা সেটার যথাযথ মূল্যায়ন করতে সক্ষম হবে।’

প্রতিমন্ত্রী বলেন, ‘পানি সংকট সমাধানে ভারত ছাড়াও চীন ও ভুটানের সঙ্গে একযোগে কাজ করতে হবে। প্রতিবেশী দেশের সঙ্গে পানি সঙ্কট সমাধানে দীর্ঘ এক যুগের বেশি সময় পর গত বছর জেআরসির বৈঠক হয়েছে। চলতি বছরে প্রথমার্ধে জেআরসির বৈঠক হবে।’

তিনি বলেন, ‘১৫ বছর আগে ট্রানজিট ইস্যু নিয়ে বাংলাদেশে সস্তা রাজনীতি হয়েছে। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঝুঁকি নিয়ে ট্রানজিট করেছিলেন। এখন সেই সুফল সবাই ভোগ করছে। বাংলাদেশে হাইড্রো রিসোর্স নেই। সে

কারণেই প্রতিবেশী দেশের কাছ থেকে এনার্জি সহযোগিতা নিতে চাই। আমরা এনার্জি সহযোগিতা শুধু ভারত থেকে নয়, নেপাল ও ভুটান থেকেও নিয়ে নিচ্ছি।'

রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলেন, 'পরিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় বিশ্বের অনেক দেশ প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক রক্ষার ক্ষেত্রে কঠিন সময় পার করছে। বাংলাদেশ ভারতের প্রকৃত বন্ধু। সেই বন্ধুত্বের মর্যাদা কিন্তু ভারতের দেওয়া উচিত।'

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। স্বাগত বক্তব্য দেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন।

এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অনুবিভাগের মহাপরিচালক রকিবুল হক, অধ্যাপক ড. লাইলাফুর ইয়াসমিন, বিআইআইএসএসের গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির ও সিনিয়র রিসার্চ ফেলো এম আশিক রহমান বক্তব্য রাখেন।

https://www.dhakatimes24.com/2023/01/24/296265

**আমাদের সময়,** ২৪ জানুয়ারি ২০২৩

## দেশের সার্থে কোনো আপস নয়: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কূটনৈতিক প্রতিবেদক

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেছেন, দেশের সার্থে কারোর সঙ্গে কোনো বিষয়েই আপস করবে না বাংলাদেশ। করোনা ও ইউক্রেন-রাশিয়া পরিস্থিতি বিশ্বের প্রতিটি দেশকেই এককভাবে প্রভাবিত করেছে। বাংলাদেশ আসিয়ান জোট, বিমসটেক ও সার্কসহ প্রতিবেশী দেশগুলোর সঙ্গে ভালো সম্পর্ক বজায় রেখে চলেছে।

মঙ্গলবার (২৪ জানুয়ারি) বিআইআইএসএস আডিটিরিয়ামে আয়োজিত সেমিনারে তিনি এসব কথা বলেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ প্রতিবেশী দেশগুলোর কাছে ভালো প্রতিবেশী হিসেবে আবির্ভূত হয়েছে। প্রতিবেশী দেশগুলোর সঙ্গে কানেক্টিভিটি ও ঘনিষ্ঠ দেশগুলোর সঙ্গে তাদের বাজারে শুল্কমুক্ত বাজার সুবিধা প্রধানমন্ত্রীর জন্য সম্ভব হয়েছে। আমাদের জিডিপির গ্রোথ এখন উল্লেখযোগ্য।

তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে হাই প্রোফাইল ভিজিট হয়েছে। নেপাল, ভূটান, ভারত, মালদ্বীপ, ইন্দোনেশিয়া ও চীনসহ প্রতিবেশী দেশগুলোর সঙ্গে উচ্চ পর্যায়ের ভিজিটে জোর দেওয়া হয়েছে।

নেপাল ও ভুটানের সঙ্গে ডিউটি ফ্রি ব্যবসা- বানিজ্যে উপভোগ করছে বাংলাদেশ। ভারতের সঙ্গে জয়েন্ট রিভার কমিশন ও অন্যান্য বিষয় উল্লেখযোগ্য মিটিং হচ্ছে। চীনের সঙ্গেও দ্বিপক্ষীয় বিভিন্ন বিষয়গুলোর অগ্রগতি হয়েছে।

পররাষ্ট্রনীতির জন্য কম্বোডিয়া ও ভিয়েতনাম বিদেশি বিনিয়োগ টানতে সক্ষম হচ্ছে এবং অর্থনৈতিক ভাবে দেশ দুটি এগিয়ে যেতে পারলে বাংলাদেশ কেন নয় বলে প্রশ্ন রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক লাইলুফার ইয়াসমিন।

https://www.amadershomoy.com/national/article/40289/দেশের-সার্থে-কোনো-আপস-নয়

আজকের পত্রিকা, ২৪ জানুয়ারি ২০২৩

**পানিসংকট সমাধানে চীন ও ভুটানের সঙ্গেও কাজ করতে হবে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী**



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। ফাইল ছবি

পানিসংকট সমাধানে ভারত ছাড়াও চীন ও ভুটানের সঙ্গে একযোগে কাজ করতে হবে। আজ মঙ্গলবার বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত 'বৈশ্বিক প্রেক্ষাপটে প্রতিবেশীদের সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।

প্রতিমন্ত্রী বলেন, ১৫ বছর আগে ট্রানজিট ইস্যু নিয়ে বাংলাদেশে সস্তা রাজনীতি হয়েছে। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঝুঁকি নিয়ে ট্রানজিট করেছিলেন। এখন সেই সুফল সবাই ভোগ করছে। গত ১৪ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ খুব ভালো প্রতিবেশী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিবেশী নীতি 'গেম চেঞ্জার'। বিশ্বের সব দেশই ভালো প্রতিবেশীই প্রত্যাশা করে।

শাহরিয়ার আলম বলেন, 'বাংলাদেশে হাইড্রো রিসোর্স নেই। সে কারণেই প্রতিবেশী দেশের কাছ থেকে এনার্জি সহযোগিতা নিতে চাই। আমরা এনার্জি সহযোগিতা শুধু ভারত থেকে নয়, নেপাল ও ভুটান থেকেও নিয়ে নিচ্ছি।'

অনুষ্ঠানে বক্তব্য দেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির।

https://www.ajkerpatrika.com/255294/পানি-সংকট-সমাধানে-চীন-ও-ভুটানের-সঙ্গেও-কাজ-করতে

নিউজ জি টুইন্টি ফোর. কম, ২৪ জানুয়ারি ২০২৩

বাংলাদেশ কখনও আপস করবে না : পররাষ্ট্র প্রতিমন্ত্রী



বিশ্ব পরিস্থিতি যে দিকেই যাক না কেন, আমরা আমাদের নীতিতে অটল থাকব বলে জানিয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেছেন,আমাদের পররাষ্ট্রনীতি হচ্ছে, সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়। জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার ক্ষেত্রেও বাংলাদেশ কখনও আপস করবে না।
মঙ্গলবার (২৪ জানুয়ারি) রাজধানীর ইস্কাটনে 'বৈশ্বিক প্রেক্ষাপটে প্রতিবেশীর সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক' শীর্ষক এক সেমিনারে এসব কথা বলেন তিনি।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, বিশ্ব যখন কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে, তখন প্রতিবেশীর গুরুত্ব খুব বেশি প্রাসঙ্গিক। পৃথিবীর প্রতিটি দেশই ভালো প্রতিবেশী প্রত্যাশা করে। ভালো প্রতিবেশীর উদাহরণ দিতে গেলে বাংলাদেশের নাম আসবে। বাংলাদেশ সরকার আঞ্চলিক স্থিতিশীলতা, সমৃদ্ধি ও পারস্পরিক উন্নয়নের জন্য প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক সুসংহত করতে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে।

প্রতিবেশী নীতির ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গেম চেঞ্জার আখ্যা শাহরিয়ার আলম বলেন, ১৫ বছর আগে ট্রানজিট ইস্যু নিয়ে বাংলাদেশে সস্তা রাজনীতি হয়েছে। বঙ্গবন্ধুকন্যা তার রাজনৈতিক ক্যারিয়ার ঝুঁকির মধ্যে রেখে ট্রানজিট করেছিলেন। যেটার সুফল আমরা এখন পাচ্ছি। যারা বিষয়টি নিয়ে সস্তা রাজনীতি করেছে, তারা বেশি দূর এগোতে পারেনি।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এ সেমিনারের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। স্বাগত রাখেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন। এ ছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অনুবিভাগের মহাপরিচালক রকিবুল হক, অধ্যাপক ড. লাইলাফুর ইয়াসমিন, বিআইআইএসএসের গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির ও সিনিয়র রিসার্চ ফেলো এম আশিক রহমান বক্তব্য রাখেন।

https://www.newsg24.com/bangladesh/national/144866/

বিডিনিউজ টুইন্টি ফোর. কম, ২৪ জানুয়ারি ২০২৩

**বাংলাদেশ-ভারত যৌথ নদী কমিশনের বৈঠক হতে পারে বছরের প্রথমার্ধেই**

***নেপাল ও ভুটানে জলবিদ্যুৎ উৎপাদন করে তা দেশে আনার উদ্যোগ নিয়ে কাজ চলছে বলে জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী।***



চলতি বছরের প্রথমার্ধে ভারত ও বাংলাদেশের মধ্যে যৌথ নদী কমিশনের (জেআরসি) বৈঠক হওয়ার সম্ভাবনার কথা জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।

মঙ্গলবার ঢাকায় প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সম্পর্ক নিয়ে এক আলোচনা অনুষ্ঠানে এ কথা জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, ‘‘পানি খাতে প্রতিবেশীদের সঙ্গে কিছু ‘অসম্পূর্ণ কাজ বা ইস্যু’ থাকলেও অগ্রগতি হচ্ছে।

‘‘প্রায় এক দশক পরে জেআরসি বৈঠক হয়েছে এবং এই বছরের প্রথমার্ধে আরেক দফা জেআরসি বৈঠক করার বিষয়ে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। যদিও প্রত্যাশা ছিল প্রথম প্রান্তিকে এটা করার।’’

এক যুগ পর গত বছরের ২৫ অগাস্ট দিল্লিতে ভারত ও বাংলাদেশের মধ্যে জেআরসির মন্ত্রী পর্যায়ের বৈঠক হয়।

ওই বৈঠকে কুশিয়ারা নদীর অন্তর্বর্তী পানিবণ্টনের ওপর সমঝোতা স্মারকের বিষয়বস্তু চূড়ান্ত করে উভয় দেশ। যার আলোকে পরের মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরে কুশিয়ারা নদীর পানিবণ্টনের ওই সমঝোতা স্মারক সই হয়।

পাশাপাশি ২০১৯ সালের সমঝোতা স্মারকের আলোকে ফেনী নদীর যে অংশ থেকে ত্রিপুরার সাব্রুমের জন্য পানি নেওয়া হবে, তার স্থান নির্ধারণ ও নকশাও চূড়ান্ত করা হয় ওই বৈঠকে।

ওই বৈঠকে তিস্তা চুক্তি নিয়ে আলোচনা হওয়ার কথা তুলে ধরে তখন এক সংবাদ বিজ্ঞপ্তিতে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছিল, দীর্ঘ দিন ঝুলে থাকা এ চুক্তি দ্রুত সম্পন্ন করার অনুরোধ বাংলাদেশ আবারও জানিয়েছে।

ভারত এ চুক্তি বাস্তবায়ন করতে 'সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর প্রতিশ্রুতি' দিয়েছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ১৯৯৬ সালের গঙ্গা পানিবণ্টন চুক্তির আওতায় বাংলাদেশের প্রাপ্য পানির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের উপায় বের করতে সম্ভাব্যতা যাচাইয়ে সম্মত হয়েছে উভয়পক্ষ।

রাজধানীর ইস্কাটনে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত 'স্ট্রেংদেনিং বাংলাদেশ'স ফরেন রিলেশন উইথ নেইবারস ইন দ্য ইভলভিং গ্লোবাল অর্ডার' শীর্ষক আলোচনায় প্রধান অতিথি শাহরিয়ার আলম প্রতিবেশি দেশগুলোর সঙ্গে সম্পর্কের নানা দিক নিয়ে সরকারের অবস্থান তুলে ধরেন।

'ভালো প্রতিবেশী' হিসাবে যোগাযোগ, বাণিজ্য ও অন্যান্য ক্ষেত্রে বিগত বছরগুলোতে অগ্রগতির কথা উল্লেখ করে শাহরিয়ার আলম বলেন, "পানিবণ্টন নিয়ে সমস্যার ক্ষেত্রে সরকার কেবল ভারতের মধ্যে সীমাবদ্ধ থাকতে চায় না। আমরা যখন প্রতিবেশির কথা বলি, তখন আলোচনাটা বিস্তৃত পরিসরে হওয়া দরকার।

"কেননা, কিছু নদীর উৎপত্তি চীন থেকে, কিছু ভুটান থেকে আর কিছুর উৎপত্তি হয়েছে অন্যান্য দেশে। বিস্তৃত পরিসরে আলোচনার জন্য আমাদের দিক থেকেও কিছু উদ্ভাবনের দরকার। কী করা যায়, আমরা সেটা দেখব। পাশাপাশি বর্তমান অগ্রগতিকে সামনে এগিয়ে নেওয়ার কাজে উদ্বুদ্ধ করব।"

কেবল ভারতের মধ্যে নিবদ্ধ না রেখে বিদ্যুৎ ও জ্বালানির ক্ষেত্রের সহযোগিতাকে অন্যান্য দেশেও বিস্তৃত করার অগ্রগতির বিষয়ও তুলে ধরেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। বলেন, "বিদ্যুৎ খাতে নেপাল ও ভুটানে উৎপাদন করে জলবিদ্যুৎ আনার বিষয়ে কাজ চলছে।"

'সকলের সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়'- এই পররাষ্ট্র নীতি ঠিক রেখে প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক বিস্তৃত করার চেষ্টা সরকার করছে উল্লেখ করে শাহরিয়ার আলম বলেন, "ভালো প্রতিবেশি হিসাবে আমাদের অঞ্চলে সম্পর্ককে গভীর ও বিস্তৃত করার কাজ আমরা অব্যাহত রাখব। আমরা চাই, আমাদের প্রতিবেশীরা সেভাবে নিজেদের সর্বোচ্চটা দিয়ে চেষ্টা করবেন এবং একই রকমভাবে কাজ করবেন।"

অনুষ্ঠানে চারটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক লাইলুফার ইয়াসমিন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অনুবিভাগের মহাপরিচালক এ টি এম রকিবুল হক, বিআইআইএসএসের গবেষণা পরিচালক মাহফুজ কবীর ও জ্যেষ্ঠ গবেষণা ফেলো এম আশিকুর রহমান।

বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন।

https://bangla.bdnews24.com/bangladesh/z4yv15z5ow

প্রথম আলো, ২৪ জানুয়ারি ২০২৩

বিসের সেমিনার

**প্রতিবেশীর সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে সাবধানে এগোতে হবে**

কূটনৈতিক প্রতিবেদক, ঢাকা

পরিবর্তিত বৈশ্বিক পরিস্থিতিতে বিভিন্ন দেশ প্রতিবেশীর সঙ্গে পররাষ্ট্রনীতি এগিয়ে নেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে। তাই বাংলাদেশকে প্রতিবেশীর সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে সাবধানে এগোতে হবে।

আজ মঙ্গলবার বিকেলে রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস—বিস) মিলনায়তনে এক সেমিনারে বিশেষজ্ঞরা এমন মন্তব্য করেন।

আলোচনায় বক্তারা বলেছেন, দেশের অভ্যন্তরে সমন্বয় ভালো হলে কূটনীতিতে ভালো ফল আসবে। তাই যেকোনো উদ্যোগ ও পদক্ষেপের ক্ষেত্রে সমন্বয়ে জোর দিতে হবে। পরিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় দেশগুলো প্রতিবেশীদের সঙ্গে বৈদেশিক নীতি প্রণয়নে কঠিন সময় পার করছে। সুতরাং বাংলাদেশকে সতর্কতার সঙ্গে এগোতে হবে।

বিস ‘পরিবর্তনশীল বৈশ্বিক প্রেক্ষাপটে প্রতিবেশীর সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক জোরদার’ শীর্ষক ওই সেমিনারের আয়োজন করে।

সেমিনারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেন, বর্তমান প্রেক্ষাপটে বৈশ্বিক পরিস্থিতি প্রত্যাশার তুলনায় দ্রুত পরিবর্তিত হচ্ছে। তাই পরিবর্তনশীল সময়ের সঙ্গে খাপ খাইয়ে সম্পর্ক এগিয়ে নেওয়ার ক্ষেত্রে সতর্ক থাকা জরুরি। তবে পরিবর্তিত পরিস্থিতিতে প্রতিবেশী দেশসহ নির্দিষ্ট দেশ ও অঞ্চলের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে পররাষ্ট্রনীতির মৌলিক আদর্শের সঙ্গে বাংলাদেশ কখনো আপস করবে না। ‘সবার সঙ্গের বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়’ এই মূলনীতির সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ আঞ্চলিক স্থিতিশীলতা, সমৃদ্ধি এবং উন্নয়নের লক্ষ্যে প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক নিবিড় করার প্রয়াস চালিয়ে যাচ্ছে।

শাহরিয়ার আলম বলেন, সংযুক্তিকে ট্রানজিটের নামে সস্তা দৃষ্টিকোণ থেকে দেখা হয়েছে। ১৫ বছর আগে ট্রানজিট ইস্যু নিয়ে বাংলাদেশে সস্তা রাজনীতি হয়েছে। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যক্তিগতভাবে রাজনৈতিক ঝুঁকি নিয়ে সংযুক্তির বাস্তবায়ন করেছিলেন। এখন সবাই এর সুফল ভোগ করছেন।

প্রতিবেশী ভারতের সঙ্গে নিরাপত্তা সহযোগিতার উল্লেখ করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দুই নিকট প্রতিবেশীর এই সহযোগিতা শুধু বাংলাদেশ ও ভারতের মধ্যেই সীমিত থাকেনি। তা এ অঞ্চলে অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টা করে এমন যেকোনো পক্ষকে দমনে সহায়ক ভূমিকা রাখছে। ১৪ বছর ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ প্রতিবেশী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ‘চলতি বছরের প্রথমার্ধে যৌথ নদী কমিশনের (জেআরসি) বৈঠক অনুষ্ঠিত হবে বলে আমরা আশা করছি। হয়তো তা বছরের প্রথম তিন মাসের মধ্যেই হতে পারে। এ ব্যাপারে ভারতের আন্তরিকতা দেখা যাচ্ছে। পানিসংকট সমাধানে ভারত ছাড়াও চীন ও ভুটানের সঙ্গেও একযোগে কাজ করতে হবে।’

সেমিনারের সঞ্চালনা করতে গিয়ে সাবেক রাষ্ট্রদূত এবং গবেষণাপ্রতিষ্ঠান বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের প্রেসিডেন্ট এম হুমায়ুন কবীর বলেন, দুঃখজনক হলেও সত্যি, দক্ষিণ এশিয়া হচ্ছে একমাত্র অঞ্চল, যেখানে

আঞ্চলিক কোনো সংগঠন নেই। ২৫ বছর পেরিয়ে গেলেও বিমসকটেক যথেষ্ট সক্রিয় নয়। নতুন ও পরিবর্তিত বৈশ্বিক প্রেক্ষাপটে নতুন একটি আঞ্চলিক সংগঠনের বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিতে হবে।

সেমিনারে আরও বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারপারসন লাইলুফার ইয়াসমিন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অনু বিভাগের মহাপরিচালক এ টি এম রকিবুল হক, বিসের গবেষণা পরিচালক মাহফুজ কবীর ও জ্যেষ্ঠ গবেষণা ফেলো এম আশিকুর রহমান।

সেমিনারে স্বাগত বক্তৃতা করেন বিসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন।

ঢাকাপোস্ট, ২৪ জানুয়ারি ২০২৩

**বৈশ্বিক চ্যালেঞ্জেও পররাষ্ট্রনীতিতে অটল থাকার বার্তা**
নিজস্ব প্রতিবেদক



*ইস্কাটনে বিআইআইএসএস মিলনায়তনে আয়োজিত সেমিনারে বক্তব্য রাখেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী*
*ছবি : ঢাকা পোস্ট*

**জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার ক্ষেত্রে বাংলাদেশ কখনো আপস করবে না বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। পাশাপাশি বৈশ্বিক পরিস্থিতিতে যাই ঘটুক না কেন, নিজেদের পররাষ্ট্রনীতিতে অটল থাকারও বার্তা দিয়েছেন তিনি।**

মঙ্গলবার রাজধানীর ইস্কাটনে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে 'বৈশ্বিক প্রেক্ষাপটে প্রতিবেশীর সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক' শীর্ষক এক সেমিনারে এসব কথা বলেন প্রতিমন্ত্রী।

শাহরিয়ার আলম বলেন, বাংলাদেশের পররাষ্ট্রনীতি হচ্ছে, 'সকলের সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়'। বৈশ্বিক পরিস্থিতি যে দিকেই যাক না কেন, আমাদের এই অবস্থান অক্ষত থাকবে। তাছাড়া জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার ক্ষেত্রেও বাংলাদেশ কখনো আপস করবে না। এসব অক্ষত রেখে বাংলাদেশ তার নিজস্ব সম্পদকে অব্যাহতভাবে কাজে লাগাবে।

বাংলাদেশকে আদর্শ প্রতিবেশী হিসেবে আখ্যা দিয়ে প্রতিমন্ত্রী বলেন, পৃথিবীর প্রতিটি দেশই ভালো প্রতিবেশীর প্রত্যাশা করে। ভালো প্রতিবেশীর উদাহরণ দিতে গেলে বাংলাদেশকে নিতে হবে। বাংলাদেশ ভালো প্রতিবেশী হিসেবে তার অন্য প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক সম্প্রসারণ অব্যাহত রাখবে। আশা করি, আমাদের প্রতিবেশীরা সেটার যথাযথ মূল্যায়ন করতে সক্ষম হবে।



শাহরিয়ার আলম বলেন, বিশ্ব যখন কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে, তখন প্রতিবেশীর গুরুত্ব খুব বেশি প্রাসঙ্গিক। বাংলাদেশ সরকার আঞ্চলিক স্থিতিশীলতা ও সমৃদ্ধি এবং পারস্পরিক উন্নয়নের জন্য প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক সুসংহত করতে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে।

প্রতিবেশী নীতির ক্ষেত্রে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গেম চেঞ্জার হিসেবে আখ্যা দেন প্রতিমন্ত্রী। তিনি ১৫ বছর আগের ট্রানজিট ইস্যু নিয়ে হওয়া রাজনীতির প্রসঙ্গ টেনে বলেন, ১৫ বছর আগে ট্রানজিট ইস্যু নিয়ে বাংলাদেশে সস্তা রাজনীতি হয়েছে। শেখ হাসিনা তার রাজনৈতিক ক্যারিয়ার ঝুঁকির মধ্যে রেখে ট্রানজিট করেছিলেন। যেটার সুফল আমরা এখন পাচ্ছি। যারা বিষয়টি নিয়ে সস্তা রাজনীতি করেছে তারা কিন্তু বেশি দূর এগোতে পারেনি।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এ সেমিনারের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির। স্বাগত বক্তব্য দেন বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন।

এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অনুবিভাগের মহাপরিচালক রকিবুল হক, অধ্যাপক ড. লাইলাফুর ইয়াসমিন, বিআইআইএসএসের গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির ও সিনিয়র রিসার্চ ফেলো এম আশিক রহমান বক্তব্য রাখেন।

জ্বালানি প্রসঙ্গে শাহরিয়ার আলম বলেন, বাংলাদেশ তার নিজস্ব সম্পদ কাজে লাগাচ্ছে। জ্বালানি সম্পদের কথা উঠলে বলতে হয়, আমাদের হাইড্রো রিসোর্স নেই। আমরা প্রতিবেশী দেশের কাছ থেকে জ্বালানি সহযোগিতা নিতে চাই। এক্ষেত্রে আমরা ভারত ছাড়াও নেপাল ও ভুটান থেকেও সহযোগিতা নিচ্ছি।

রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলেন, পরিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় বিশ্বের অনেক দেশ প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক রক্ষার ক্ষেত্রে কঠিন সময় পার করছে। বাংলাদেশ ভারতের প্রকৃত বন্ধু। সেই বন্ধুত্বের মর্যাদা কিন্তু ভারতের দেওয়া উচিত।

https://www.dhakapost.com/national/169333

unb.com.bd, 24 January 2023-01-25

**সরকার প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক সুসংহত করতে কাজ করছে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

ইউএনবি নিউজ

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেছেন,  বাংলাদেশ সরকার আঞ্চলিক স্থিতিশীলতা, অংশীদারিত্বমূলক সমৃদ্ধি এবং পারস্পরিক উন্নয়নের জন্য প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক সুসংহত করতে অবিরাম কাজ করছে।

তিনি বলেন, অংশীদারিত্ব ও সহযোগিতা বৃদ্ধি, ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি, পানি ও বিদ্যুৎ খাতে সহযোগিতার অনুসরণ, সংযোগ বৃদ্ধি, জনগণের মধ্যে যোগাযোগের জন্য সক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতার মাধ্যমে প্রতিবেশীদের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার এবং মানবিক সহায়তার গুরুত্বের ওপর জোর দেন।

মঙ্গলবার বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) 'বিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় প্রতিবেশীদের সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক শক্তিশালীকরণ' শীর্ষক আয়োজিত সেমিনারে তিনি এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলনীতি হলো-সকলের সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বিদ্বেষ নয়- বৈশ্বিক শৃঙ্খলা যে দিকেই অগ্রসর হচ্ছে তা অক্ষুণ্ন থাকবে।

তিনি বলেন, 'আমাদের মৌলিক অবস্থান হলো- সকলের সঙ্গে বন্ধুত্ব, কারো প্রতি বিদ্বেষ নয়, এটি অক্ষত থাকবে না, যাই ঘটুক না কেন।'

প্রতিমন্ত্রী বলেন, জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার ক্ষেত্রেও বাংলাদেশ কখনোই আপস করবে না।

তিনি বলেন, 'এগুলো অক্ষত রেখে, বাংলাদেশ তার সম্পদ অব্যাহত রাখবে … আমাদের প্রচুর বাংলাদেশি প্রবাসী রয়েছে .. আমাদের অবশ্যই কিছু নমনীয় শক্তি আছে।'

আলম বলেন, বাংলাদেশ তার প্রতিবেশী এলাকায় একটি ভালো প্রতিবেশী হিসেবে গড়ে ওঠা সম্পর্ক সম্প্রসারণ অব্যাহত রাখবে।
'আমরা (এছাড়াও) আশা করি যে আমাদের প্রতিবেশীরা তাদের সর্বোত্তম ক্ষমতা দিয়ে এটির প্রতিদান দেয়ার চেষ্টা করবে'  উল্লেখ করে তিনি বলেন, বিশ্ব যখন একটি জটিল পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে তখন এগুলো আরও প্রাসঙ্গিক।

বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের (বিইআই) সভাপতি এম হুমায়ুন কবির সভাপতিত্ব করেন এবং বিআইআইএসএস-এর মহাপরিচালক মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন স্বাগত বক্তব্য দেন।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ও চেয়ারপার্সন ডক্টর লাইলুফার ইয়াসমিন 'বিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় প্রতিবেশীদের সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সম্পর্ক স্থাপন'  শীর্ষক একটি উপস্থাপনা করেন।
পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক(দক্ষিণ এশিয়া)এটিএম রোকেবুল হক 'প্রতিবেশীদের প্রতি বাংলাদেশের পররাষ্ট্র নীতি: অংশীদারিত্বে সমৃদ্ধির বন্ধুত্ব'  শীর্ষক উপস্থাপনা করেন।

বিআইআইএসএস'র গবেষণা পরিচালক ড. মাহফুজ কবির, 'প্রতিবেশীদের সঙ্গে সহযোগিতার নতুন উপায় অন্বেষণ' শীর্ষক উপস্থাপনা করেন।

বিআইএসএস'র সিনিয়র রিসার্চ ফেলো এম আশিক রহমান 'প্রতিবেশীদের সঙ্গে বাংলাদেশের সম্প্রসারিত সম্পর্ক টিকিয়ে রাখা' বিষয়ে উপস্থাপনা করেন।

মেজর জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে এশিয়ার পুনঃউত্থানের কথা তুলে ধরেন। তিনি উভয় ঘনিষ্ঠ প্রতিবেশী এবং বর্ধিত প্রতিবেশীদের সঙ্গে দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সম্পর্ক জোরদার করার ওপর জোর দেন এবং আঞ্চলিক সমস্যার শান্তিপূর্ণ ও টেকসই সমাধান খুঁজে বের করতে বহুপাক্ষিকতাকে উন্নীত করার ওপর জোর দেন।

বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের (বিইআই) সভাপতি হুমায়ুন কবির উল্লেখ করেছেন যে পরিবর্তিত বৈশ্বিক ব্যবস্থায় বিশ্বের দেশগুলো প্রতিবেশীদের সঙ্গে তাদের বৈদেশিক নীতি প্রণয়নের জন্য লড়াই করছে এবং বাংলাদেশকে সতর্কতার সঙ্গে এর মধ্য দিয়ে চলাচল করতে হবে।

অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, রাষ্ট্রদূত, হাইকমিশনার, সাবেক কূটনীতিক, ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তা, গবেষক, ব্যবসায়ী, শিক্ষক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিভিন্ন থিংক ট্যাংক, আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি এবং গণমাধ্যম ব্যক্তিত্বরা অংশ নেন।